

কওমি মাদ্রাসা শিক্ষা কমিশন গঠন

যাযায়দিন রিপোর্ট

কওমি মাদ্রাসার শিক্ষা ব্যবস্থাপনা, শিক্ষাদানের বিষয় এবং কওমি মাদ্রাসা শিক্ষা সনদের সরকারি স্বীকৃতি প্রদানের লক্ষ্যে সুপারিশমালা প্রণয়নের জন্য ১৭ সদস্য বিশিষ্ট 'বাংলাদেশ কওমি মাদ্রাসা শিক্ষা কমিশন' গঠন করেছে শিক্ষা মন্ত্রণালয়।

গোবাবার শিক্ষাসচিব ড. কামাল আবদুল নাসের চৌধুরী স্বাক্ষরিত এ সংক্রান্ত এক প্রজ্ঞাপন জারি করা হয়েছে। কমিশনের চেয়ারম্যান হয়েছেন চট্টগ্রাম হট হাজারীর দারুল উলুম মদনুল ইসলামের মহাপরিচালক মওলানা আহমদ শফী, কো-চেয়ারম্যান ইকরা কমিশন : পৃষ্ঠা ২ কলাম ২

যাযায়দিন

কমিশন : কওমি

(প্রথম পৃষ্ঠার পর)

বাংলাদেশের পরিচালক মওলানা আজানা ফরিদ উদ্দীন মাসউদ ও সদস্য সচিব গোপালগঞ্জের গওহরডাঙ্গা মাদ্রাসা মহাপরিচালক, মওলানা মুফতি রুহুল আমিনকে সদস্য সচিব করা হয়েছে।

প্রজ্ঞাপনে জানানো হয়েছে কওমি মাদ্রাসার শিক্ষা ব্যবস্থাপনা ও শিক্ষাদানের বিষয়সহ কওমি মাদ্রাসা সনদের সরকারি স্বীকৃতি প্রদানের লক্ষ্যে প্রয়োজনীয় সুপারিশমালা প্রণয়নসহ কওমি মাদ্রাসার শিক্ষার স্তর বিন্যাস/শ্রেণী বিন্যাস; শ্রেণী ও বিষয়ভিত্তিক শিক্ষা কারিকুলাম ও সংস্কার সমন্বয়করণ; মূল্যায়ন প্রক্রিয়া নির্ধারণ; শিক্ষার মানোন্নয়ন এবং কওমি মাদ্রাসা শিক্ষা সংক্রান্ত উন্নয়নমূলক যাবতীয় বিষয়ের রূপরেখা, বিধি প্রণয়ন, ধরন, পদ্ধতি ও প্রক্রিয়া সংক্রান্ত বিষয়াবলি নিয়ে কমিশন সুপারিশ করবে। বাংলাদেশ ইসলামিক ফাউন্ডেশন কমিশনের কার্য পরিচালনার জন্য সুবিধাজনক স্থানে একটি অফিসের সংস্থান করবে। শিক্ষা মন্ত্রণালয়ের অধীন বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড প্রয়োজনীয় আর্থিক সংস্থান, সহায়ক জনবল ও সরঞ্জামাদি সরবরাহসহ সার্ভিসিক দায়িত্ব পালন করবে। কমিশনের চেয়ারম্যান, কো-চেয়ারম্যান, সদস্য সচিব ও সদস্যরা সরকার নির্ধারিত হারে সন্মানী প্রাপ্য হবেন।

কমিশনের অন্যান্য সদস্যরা হলেন, জামেয়া দারুল মা'আরিফ (চট্টগ্রাম) মহাপরিচালক মওলানা সুলতান হুওক নদভী, পটিয়া মাদ্রাসা (চট্টগ্রাম) মহাপরিচালক মওলানা আবদুল হালিম বোখারী, জামেয়া কামেশুল উলুম, (কুমিল্লা) শায়খুল হাদীস মওলানা আশরাফ আলী, জামেয়া ইমদাদিয়া (কিশোরগঞ্জ) মুহতামিম মওলানা আনোয়ার শাহ, বেফাকুল মাদারিসিনি আরাবিয়া মহাসচিব মওলানা আবদুল জ্বার, দক্ষিণকান্ধ হোসাইনিয়া ইসলামিয়া মাদ্রাসা, (বরদিনগর, সিলেট) শায়খুল হাদীস মওলানা আবদুল বাসেত বরকতপুরি, মারকাযুদ দাওয়াহ আল-ইসলামিয়া (ঢাকা) শিক্ষা সচিব মওলানা মুফতী আবদুল মালেক, ফরিদাবাদ মাদ্রাসা (ঢাকা) মুহতামিম মওলানা আবদুল কুদ্দুস, জামেয়া রাহমানিয়া আরাবিয়া (মোহাম্মদপুর, ঢাকা) মুহতামিম মওলানা নুফুতি মাহফুজুল হক, ইসলামিক রিসার্চ সেন্টার (বসুন্ধরা, ঢাকা) সিনিয়র মোহাম্মিস মুফতি এনামুল হক, মাদ্রাসা নূর মদিনা (শায়েজগঞ্জ, হবিগঞ্জ) মুহতামিম মওলানা নূরুল ইসলাম ওলিপুত্রী, জামেয়া রাহমানিয়া আরাবিয়া (ঢাকা) মুহতামিম মওলানা হিফজুর রহমান, নায়েবে জামিল মাদ্রাসা, (বগুড়া) মুহতামিম মওলানা আবদুল হক হকানী, জামেয়া দারুল উলুম (বুলনা) মুহতামিম, হাফেজ মওলানা মোহাম্মদ আহমাদ। কমিশন প্রয়োজনে আরো সদস্য কো-অপট করতে পারবে এবং উপ-কমিটি গঠন করতে পারবে। কমিশনকে আগামী ছয় মাসের মধ্যে প্রতিবেদন পেশ করার কথা বলা হয়েছে।